মেহেরপুরে ইসলামি ফাউন্ডেশনের আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুরে ইসলামি ফাউন্ডেশনের উদ্যোগে নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও মানবপাচার প্রতিরোধে ইমামগণের ভূমিকা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১ টাই জেলা মডেল মসজিদ ও ইসলামিক সংস্কৃতিক কেন্দ্র এ আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা ইসলামিক ফাউণ্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। কোরাআন তেলাওয়াত করেন ইসলামিক ফাউণ্ডেশনের শিক্ষক মো: আবু বকর, স্বাগত বক্তব্য রাখেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার ওবায়দুর রহমান, আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মাস্টার্স ট্রেইনার মোঃ আঃ হামিদ।

সভায় বক্তারা বলেন, সমাজে নৈতিকতা, মানবিকতা ও ধর্মীয় মূল্যবোধ প্রতিষ্ঠায় ইসলামি ফাউন্ডেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। তাই সামাজিক অশান্তি দূর করতে ও সুস্থ সমাজ গঠনে সবাইকে ধর্মীয় মূল্যবোধে ফিরে আসার আহ্বান জানান তারা।

সীমান্তে অবৈধ পুশইন বন্ধে কাজ করবে বিজিবি

সীমান্তে অবৈধ পুশইনসহ চোরাচালান, নারী ও শিশু পাচার এবং মাদক পাচার বন্ধে কঠোরভাবে কাজ করবে বিজিবি। এ জন্য সকলের সহযোগিতা প্রয়োজন বলে মন্তব্য করেছেন চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান।

শনিবার বিকালে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর আয়োজনে মুজিবনগর উপজেলার সীমান্তবর্তী সোনাপুর সরকারি প্রাথমিক

বিদ্যালয়ে সীমান্তে পুশইনসহ অবৈধ চোরাচালান, নারী ও শিশু পাচার এবং মাদক পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, সীমান্তে পুশইন বা চোরাচালান করা যেমন অপরাধ, তেমনি এ কাজে সহযোগিতা করাও সমান অপরাধ। তাই আমরা সবাইকে এসব কার্যকলাপ থেকে বিরত থাকতে হবে। সীমান্ত এলাকায় কোনো অচেনা ব্যক্তি দেখলে তাৎক্ষণিকভাবে বিজিবিকে জানাতে হবে। তবেই বিজিবি সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করতে পারবে।

সভায় আরও বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর উপ-অধিনায়ক মেজর মাসুদ হায়দার, সহকারী পরিচালক এডি হায়দার আলী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান, মুজিবনগর উপজেলা আনসার-ভিডিপি অফিসার জেসমিন সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সোহরাব হোসেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমানসহ সীমান্তবর্তী সোনাপুর ও মাছপাড়া গ্রামের সাধারণ মানুষ।

গাংনীতে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা ও রোগমুক্তি কামনায় এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে বামন্দী সবজি হাটে এই দোয়া মাহফিলের আয়োজন করে গাংনী উপজেলা ও পৌর বিএনপি। স্থানীয় বিএনপি নেতাকর্মী ছাড়াও সাধারণ মানুষের উপস্থিতিতে এলাকাজুড়ে এক ধরনের আধ্যাত্মিক ও আবেগঘন পরিবেশ সৃষ্টি হয়।

দোয়া মাহফিলে নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু। তিনি বলেন, বেগম খালেদা জিয়া শুধু বিএনপির নেত্রী নন, তিনি বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলনের প্রতীক। তাঁর অসুস্থতা আমাদের জন্য গভীর উদ্বেগের। আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি, যেন তিনি দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, যুবদল, স্বেচ্ছাসেবক দল, ছাত্রদলসহ বিএনপির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা। নেতাকর্মীরা একসঙ্গে হাতে হাত রেখে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় মোনাজাতে অংশ নেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় সাংবাদিক মিজানুর রহমান আহত

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় রিপোর্টার্স ক্লাবের সাধারণ সম্পাদক ও আনন্দ টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি মিজানুর রহমান গুরুতর আহত হয়েছেন।

আজ শনিবার দুপুর ২টার দিকে ফায়ার সার্ভিসের সামনে এ দুর্ঘটনা ঘটে।

জানা গেছে, উপজেলা মডেল মসজিদে নামাজ আদায় করে বাড়ি ফেরার পথে তাঁর মোটরসাইকেলের সামনে হঠাৎ একটি কুকুর চলে এলে তিনি নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার শিকার হন।

পরে, তাঁকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।

বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় গাংনীতে দোয়া মাহফিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় মেহেরপুরের গাংনীতে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুরে বাংলাদেশ কলেজ শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির উদ্যোগে গাংনী মহিলা কলেজ মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজ শিক্ষক সমিতির সভাপতি ও গাংনী মহিলা কলেজের সহকারী অধ্যাপক বেদারুল ইসলাম। সঞ্চালনায় ছিলেন সমিতির সাধারণ সম্পাদক আবু সায়েম পল্টু।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন „মেহেরপুর-২ আসনে বিএনপির মনোনীত প্রার্থী, সাবেক সংসদ সদস্য ও সাবেক জেলা সভাপতি আমজাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, গাংনী মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ নাসিরুদ্দিন, করমদি ডিগ্রি কলেজের অধ্যক্ষ ড. এমদাদুল হক, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জিনারুল ইসলাম, মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক আমিরুল ইসলাম, কলেজ শিক্ষক সমিতির সাংগঠনিক সম্পাদক মোখলেছুর রহমান, কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মোকাদ্দেছুর রহমান, গাংনী পাইলট মডেল স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান বাবলু, বাংলাদেশ শিক্ষক সমিতি মেহেরপুর জেলা শাখার সম্পাদক আল হেলাল এবং গাংনী উপজেলা শাখার সভাপতি জামাল হোসেন। গাংনীর বিভিন্ন কলেজের শিক্ষকবৃন্দও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন শিক্ষক কর্মচারী ঐক্যজোটের আহ্বায়ক ও গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন।

প্রধান অতিথির বক্তব্যে আমজাদ হোসেন বলেন, যে দেশগুলো শিক্ষায় উন্নত হয়েছে, বিএনপি ক্ষমতায় এলে আমরা সেই ধরনের উন্নত শিক্ষা ব্যবস্থা দেশে চালু করব। আমি সংসদ সদস্য নির্বাচিত হতে পারলে জীবনমান উন্নয়ন ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে কাজ করবো। শিক্ষকদের সুযোগ-সুবিধা ও সমস্যার সমাধানে কাজ করবো।

তিনি আরও বলেন, ভারতের বই ছাপানো বা তাদের কথামতো শিক্ষা নয় আমরা বিশ্বের উন্নত দেশের শিক্ষা পদ্ধতি অনুসরণ করবো। টেকসই শিক্ষা ব্যবস্থা চাইলে মানসম্মত শিক্ষক তৈরি ও তাদের সমস্যার সমাধান জরুরি।

খালেদা জিয়ার শারীরিক অবস্থা নিয়ে তিনি বলেন, আমার মা খালেদা জিয়া সারা জীবন দেশের জন্য কাজ করেছেন। আজ তিনি শারীরিকভাবে সংকটাপন্ন। তার জন্য সবাই দোয়া করবেন।তিনি জানান, খালেদা জিয়ার আশীর্বাদে তিনি আগামী সংসদ নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী হতে পেরেছেন।

আলোচনা সভা শেষে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন করমদি ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক হাফেজ কামাল হোসেন।

খেলাধুলার বিকল্প কখনোই ডিজিটাল ডিভাইস হতে পারে না

মেহেরপুরের জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির বলেন, একটি সুস্থ জাতি গঠন করতে হলে একটি সুস্থ মনের দরকার, একটি জ্ঞানভিত্তিক সমাজ দরকার এবং সেটা জন্য একটি সুস্থ দেহ দরকার। সুস্থ দেহের মধ্যেই সুস্থ মন বাস করে। বাংলাদেশে অনেক ঐতিহ্যবাহী খেলাধুলা রয়েছে এর মধ্যে কাবাডি একটি উল্লেখযোগ্য খেলা।

এছাড়াও রয়েছে হাডুডু, গোল্লাছুট আমাদের এই গ্রামীণ খেলাগুলো ঠিকমতো আর প্র্যাকটিস হচ্ছে না। এর কারণ হচ্ছে আমাদের ছেলেমেয়েরা, শিক্ষার্থীরা খেলার
মাঠ বিমুখ হয়ে গেছে। তারা
মোবাইলের দিকে ঝুঁকে পড়েছে।
আমি এটাকে বলছি ডিজিটাল ডিভাইস
দূষণ। এর কারণে আজকে
শিক্ষার্থীদের খেলাধুলার দিকে
মনোযোগ নেই। এই মনোযোগ
আমাদের ফিরিয়ে আনতে হবে।
খেলাধুলার বিকল্প কখনোই ডিজিটাল ডিভাইস হতে পারে না। ভার্চুয়াল জগত কখনোই বাস্তব জগতের বিকল্প হতে পারে না। তাদের সকলকে অ্যাকচুয়াল জগতে ফিরে আনতে হবে।



শনিবার সকাল ১০টায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে সদর উপজেলা গোল্ডকাপ ভলিবল ও কাবাডি প্রতিযোগিতার উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, ডিজিটাল ডিভাইস পলিউশনের জন্য আমাদের ইয়াং জেনারেশন অসুস্থ হয়ে যাচ্ছে। তাদের ওখান থেকে ফিরে আনার আমাদের যে বড় প্রচেষ্টা, তারই অংশ আজকের এই আয়োজন। এই আয়োজনের মাধ্যমে আমরা উন্নত বাংলাদেশ গড়ার জন্য যে উন্নত জাতি প্রয়োজন, তা গড়ার একটি পদক্ষেপ।

মাদক ও অনলাইন জুয়া নিয়ে তিনি বলেন, মেহেরপুরে মাদক রোধে যা যা করণীয়, তা জেলা প্রশাসন ও সদর উপজেলা প্রশাসনসহ আমাদের অন্যান্য দপ্তরগুলোকে সঙ্গে নিয়ে আমরা সমন্বিতভাবে কাজ শুরু করব এবং ইতিমধ্যেই কিছু কাজ শুরু করেছি। অনলাইন জুয়ার মতো এত বড় একটি ছোবলে অনেকেই বিপদগ্রস্ত হয়ে গেছে। অনেকেই ঘরবাড়ি হারিয়ে ফেলেছে। যারা এর পেছনে আছে, তাদের আমরা খুঁজে বের করে আইনের আওতায় নিয়ে আসব।

প্রতিযোগিতার সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) খাইরুল ইসলাম।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, মাদকের অন্ধকার গহ্বর থেকে বেরিয়ে আসার সবচেয়ে বড় হাতিয়ার হলো খেলাধুলা। আজকের যুবক যদি স্মার্টফোনের গেমে ডুবে থাকে, তাহলে তার শরীর-মন দুটোই নষ্ট

হবে। আমি চাই, মোবাইলের স্ক্রিন নয় খেলার মাঠই হোক তোমাদের আড্ডাখানা। মাদক নয়, ঘাম ঝরানোই হোক তোমাদের নেশা। ভবিষ্যৎ প্রজন্মকে মাদকাসক্ত হতে না দিতে আজকের যুবকদেরই অগ্রণী ভূমিকা পালন করতে হবে। পড়াশোনার পাশাপাশি খেলাধুলা শরীরকে সুস্থ রাখে, মনকে প্রফুল্ল রাখে এবং চরিত্র গঠনে সহায়তা করে।

কুচকাওয়াজ, জাতীয় সংগীত, রঙিন বেলুন ও ট্রফি উন্মোচনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

এসময় জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার সদস্যবৃন্দ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-মেম্বারগণ, শিক্ষক, সাংবাদিক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় সদর উপজেলার ৭টি ইউনিয়ন ও মেহেরপুর পৌরসভার ১টি মোট ৮টি দল ভলিবল ও কাবাডি দুটি ইভেন্টে অংশগ্রহণ করছে।

মেহেরপুরে ছাদ থেকে পড়ে প্রাণ হারালেন মোটরসাইকেল মেকানিক

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামে নিজ বাড়ির ছাদ থেকে পড়ে প্রাণ হারিয়েছেন মোটরসাইকেল মেকানিক মোহাম্মদ পিন্টু (৫০)।

গতকাল শুক্রবার সকালে এ দুর্ঘটনা ঘটে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শনিবার ভোর রাতে তিনি মারা যান।

নিহত মোহাম্মদ পিন্টু গোভীপুর গ্রামের মৃত আবুল কাশেমের ছেলে। তিনি সদর উপজেলা মোটর পার্টস ব্যবসায়ী ও মেকানিক সমিতির সভাপতি ছিলেন।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার সকালে ঘুম থেকে উঠে দাঁত ব্রাশ করতে করতে বাড়ির ছাদে ওঠেন পিন্টু। এ সময় হঠাৎ তিনি ছাদ থেকে নিচে পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাঁকে দ্রুত উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন। তাঁর শারীরিক অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় শনিবার ভোরে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মৃত পিন্টু দীর্ঘদিন ধরে মোটরসাইকেল মেকানিক হিসেবে কাজ করে পরিবারের ভরণপোষণ চালাতেন। তিনি স্ত্রী ও দুই কন্যা সন্তান রেখে গেছেন। তাঁর এই মর্মান্তিক মৃত্যুতে পরিবারসহ এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

প্রয়াত পিন্টুর মামা সাইফুল ইসলাম জানান, আইনি প্রক্রিয়া শেষে মরদেহ মেহেরপুরে নিয়ে আসার প্রস্তুতি চলছে। বাদ মাগরিব তাঁর নিজ গ্রামে জানাজা সম্পন্ন হবে।

সার সংকট দূর করতে তৈরি হবে কৃষক অ্যাপ

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য) ও সাংবাদিক মনির হায়দার বলেন, সারের সঙ্কট দূর করতে দ্রুত কৃষক অ্যাপ তৈরি করার কাজ চলছে। সবাইকে এই অ্যাপের আওতায় আসতে হবে। অ্যাপের তালিকা অনুযায়ী কৃষকদের মাঝে সার বিক্রি করা হবে। যারা এই অ্যাপের আওতায় আসবেন তারাই এই সুবিধা পাবেন। আর না আসলে বঞ্চিত হবেন। যে কোন একটি উপজেলায় পাইলট আকারে অ্যাপটি চালু করা হবে। সুবিধা পেলে সারা দেশে এটি ছড়িয়ে দেওয়া হবে। তাহলের সার সঙ্কট দূর হবে বলে মনে করেন তিনি।

উন্নত দেশে প্রত্যেকটা মানুষের কৃষক, কুলি, মজুর সবারই ট্যাক্স আইডি থাকে। তিনি ট্যাক্স দেন বা না দেন, প্রত্যেক বছর তাকে ট্যাক্স ফাইল করতে হয়, প্রত্যেক নাগরিককেই। মানুষরাও খুব উৎসাহের সাথে এটা দেয়। কেন দেয় জানেন? রাষ্ট্র তাদের বিভিন্ন ক্রাইসিসের সময় বিভিন্ন রকম সহায়তা দেয়।

আর সহায়তা দেয় এই ভিত্তিতে কার কার ট্যাক্স আইডি আছে আর কত বছর ধরে কে কে ট্যাক্স সাবমিট করেছে। যারা ট্যাক্স সাবমিট করেছে তারা সুবিধা পাবে, যারা করেনি তারা পাবে না। এখন আমরা যদি এই

প্র্যাকটিসটা করতে পারি, তোমার যদি অ্যাপ থাকে অ্যাপে যদি তোমার সব ইনফরমেশন দেওয়া থাকে, তাহলে যখন তোমার ক্রাইসিস হবে, তুমি সুবিধাটা পেতে পারো। আর তুমি যদি তোমার ইনফরমেশনগুলো না দাও আগামী বছর ক্রাইসিস হলে এগুলো কিন্তু তুমি আর পাবে না।

তখন তার মধ্যে এই তাগিদটা তৈরি হবে আমার যা যা ইনফরমেশন আছে তা অ্যাপে দিয়ে রাখি, কারণ কখন ক্রাইসিস হয় আমি তো জানি না। ক্রাইসিস হলে যাতে আমি সহায়তা পাই। এই চিন্তাগুলোকে মাথায় রেখে এই বিষয়টি নির্মাণ করা হচ্ছে।

গতকাল শুক্রবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে সারের বিপণন ও ব্যাবহার বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এক কথাগুলো বলেন।

তিনি আরোও বলেন, উন্নত বিশ্বে প্রতিটি নাগরিককে একটি অ্যাপের আওতায় আসতে হয়। তালিকাভূক্ত হয়ে সরকারি সুবিধাগুলো ভোগ করেন। তাই আশা করি প্রতিটি কৃষক এই অ্যাপের আওতায় আসবেন। আধুনিক এসব প্রযুক্তি ব্যাবহার করেই সকল নাগরিককে এই সুবিধা নিতে পারবেন।

সার সংকটের বিষয় তিনি বলেন, ওই যে একটা ঐতিহাসিক প্রবাদ- হাঁস যখন সোনার ডিম পাড়ে, তখন কৃষক হাঁস জবাই করে পেট কেটে একবারে সব ডিম বের করে নিতে চাইলে দেখে আসলে কোনো ডিম নেই। আমরা তো প্রত্যেকেই কৃষকের সন্তান। আমরা বেশি সার ব্যবহার করলে আজকের জন্য হয়তো বেশি ফসল পাব, কিন্তু লং টার্মে গিয়ে ওই জমির উর্বরতা একদমই নষ্ট হয়ে যাবে।

আপনি আজকে অনেক সার ব্যবহার করে অনেক ফসল উৎপাদন করে অনেক টাকা পকেটে ঢুকাচ্ছেন। আপনি হয়তো ভাবছেন আপনার পরে ভবিষ্যতে আর চাষাবাদ হবে না, অন্য কিছু করবে। কিন্তু আল্টিমেটলি এই জমিগুলো যদি উর্বরতা হারায় আমরা তো শুধু বাণিজ্যিক ভিত্তিতে চাষ করি না, নিজেদের খাবার-দাবারের জন্যও চাষাবাদ করি। তখন একটা ক্রাইসিস হবে।

আমাদের দেশের লেভেলে গবেষণা এবং বাস্তবের মধ্যে পার্থক্য থাকতে পারে। তারপরেও আমি মনে করি কৃষি ডিপার্টমেন্ট চাইলে গবেষক এবং কৃষকদের কানেক্ট করতে পারেন কি না এই যে পর্যবেক্ষণের বিরাট পার্থক্য, এটাকে কোনোভাবে অ্যাড্রেস করা যায় কি না।

অনুষ্ঠানে সভাপত্বি করেন, জেলা প্রশাসক ডঃ সৈয়দ এনামুল কবীর।

বক্তব্য রাখেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সঞ্জীব মৃধা, সার ডিলার অ্যাসোসিয়েশনের সভাপতি হাফিজুর রহমান, কৃষক প্রতিনিধি ডাবলু, শাহিনুর রহমান। জেলার কৃষক, সার ব্যবসায়ী ও কৃষি কর্মকর্তারা মতবিনিময় সভায় অংশ নেয়।

মুজিবনগরের আশ্রয়ন কেন্দ্রের বাসিন্দাদের মাঝে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে শীতার্তদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল শুক্রবার রাতের আধারে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবুপুর ও মহাজনপুর আশ্রয়ণে আশ্রিত দুস্থরা এই সহায়তা পান।

শীতার্তদের মধ্যে কম্বল তুলে দেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামূল কবীর।

এ সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট খাদিজা আক্তার, তৌহিদুল কবীর, মুজিবনগর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, মহাজনপুর ইউনিয়নের ৬ নং ওয়ার্ড সদস্য ফিদু শেখ ও ৯ নং ওয়ার্ড সদস্য তোয়াজ আলী উপস্থিত ছিলেন।

এ সময় ২টি আশ্রয়ন কেন্দ্রে থাকা ২৩টি পরিবারের মাঝে কম্বল বিতরণ করা হয়।

অনুষ্ঠানে শীতার্তদের মধ্যে সহায়তা পৌঁছে দেওয়ার পাশাপাশি এলাকার সমাজসেবামূলক উদ্যোগ ও জেলা প্রশাসনের মানবিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরা হয়।

[redacted]

[redacted]